৪. ভাষানীতি ও ভাষা-পরিকল্পনার ক্ষেত্রে Status planning, Corpus planning, Prestige planning, Language-in-education planning প্রভৃতি দিক লক্ষ করা হয়। এই দিকগুলির মধ্যে যে-কোনো দুটি দিক উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

৫. আলোচনা করো ৫+৫=১০

(ক) দ্বি-ভাষিকতা (Bilingualism)

(খ) পিজিন (Pidgin)

৬. ধরা যাক, তুমি একটি ভাষার মৌখিক উপাদান নিয়ে গবেষণা করতে চাইছ। সে ক্ষেত্রে তোমাকে সেই বিশেষ অঞ্চলে গিয়ে নমুনা সংগ্রহ করতে হবে। তুমি কেমন করে বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বনে এই নমুনা সংগ্রহ করবে তা উদাহরণসহ নির্দেশ করো।

—— x ——

Ex./BANGLA/PG/3.51A/2018

**স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮**

**(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)**

**বিভাগ - বাংলা**

**সমাজ ভাষা বিজ্ঞান**

**কোর্স পি.জি. - ৩.৫১এ**

সময় দু ঘণ্টা পূর্ণমান ৩০

যে কোনও ***৩টি*** প্রশ্নের উত্তর দাও।

১. ডেল্ হাইম্জ বলছেন Sender, Receiver এবং Setting-এর কথা। ফিশম্যান (Fishman) ঠিক সেই পরিভাষা ব্যবহার করছেন না। ফিশম্যান যে দিকগুলি দেখার কথা বলছেন তার পরিচয় দিয়ে সমাজভাষা আলোচনার ক্ষেত্রে এই দিকগুলি দেখার গুরুত্ব কোথায় তা নিজের ভাষায় বিবৃত করো। ২+৮=১০

২. সমাজভাষাবিজ্ঞানের (Sociolinguistics) আলোচনায় কেউ ব্যবহার করেছেন ‘style’ পরিভাষা আর কেউবা প্রয়োগ করেছেন ‘register’ পরিভাষাটি। বর্তমানে রেজিস্টার পরিভাষাটিই অধিক পরিচিত। এই বিষয়টি মনে রেখে রেজিস্টার সম্পর্কে তোমার ধারণা ব্যস্ত করো এবং সেইসঙ্গে ভাষাবিজ্ঞানী হ্যালিডে অনুসরণে রেজিস্টারের বিভিন্ন মাত্রার পরিচয় দাও। ৬+৪=১০

৩. “প্রায় সব ভাষাতেই সমাজভেদ অনুসারে ভাষা ব্যবহারের নানা বৈচিত্র্য পাওয়া যায়। একেই সমাজ-উপভাষা (Sociolect) বলা যায়।” – বাংলা ভাষা আলোচনা প্রসঙ্গে সমাজভেদ অনুসারে ভাষা ব্যবহারের এই বৈচিত্র্যটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

(Turn over)